দৈনিক বাংলা

015

তারিখ ... 1.1.85 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 2 ...

# স্কুলে ভর্তি : সিটের চেয়ে ছাত্র অনেক বেশি

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল বৃহস্পতিবার রাজধানীর সরকারী স্কুলগুলোতে ছাত্রদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আসন সংখ্যার তুলনায় কয়েক গুণ বেশি ছাত্র পরীক্ষায় অংশ নেয়। ছাত্রীদের ভর্তি পরীক্ষা হবে আগামীকাল শনিবার।

নামী স্কুলসমূহে ছাত্র ভর্তির চাপ এবার আরও বেশি। গবর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুলে মাত্র তিনটি ক্লাসের ৮৫টি সিটের জন্যে প্রায় দেড় হাজার ছাত্র পরীক্ষা দেয়। রেসিডেন্সিয়াল মডেল কলেজ স্কুলে চতুর্থ থেকে দশম শ্রেণী পর্যন্ত মাত্র ১০টি সিটের জন্যে আবেদনকারীর সংখ্যা এক হাজারের উপরে। আরমানিটোলা হাই স্কুলে প্রায় ২০০ আসনে ভর্তি পরীক্ষা দেয় প্রায় এক হাজার ছাত্র। অন্যান্য নামকরা স্কুলের অবস্থা একই রকম।

গতকাল সন্তানকে পরীক্ষা কেন্দ্রে বসিয়ে দিয়ে উদ্বেগ ও উৎকন্ঠা নিয়ে অভিভাবকগণ বাইরে অপেক্ষা করেন। ঈপ্সিত স্কুলে সন্তানের জন্যে একটি সিট চাই—এই ছিল তাদের মনের

৮-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ



বৃহস্পতিবার রাজধানীর স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষা শুরুর আগে গবঃ ল্যাবরেটরী হাইস্কুলের মাঠে ছাত্র এবং উৎকন্ঠিত অভিভাবকের ভিড়। —দৈনিক বাংলা

## ছাত্র অনেক বেশী

(১ম পৃঃ পর)

আকুতি। অভিভাবকদের কয়েকজনের সঙ্গে আলাপ করলে তাঁরা প্রায় সকলেই ছেলের ভবিষ্যত চিন্তা করে ভাল স্কুলে পড়ানোর ইচ্ছা ব্যক্ত করেন। ছেলের ভর্তির বিষয়ে সবাই ছিলেন উদ্বিগ্ন।

মেয়েদের স্কুলগুলোতেও ভর্তির চাপ ছেলেদের স্কুলের মতই। আজিমপুর গার্লস হাই স্কুলে বিভিন্ন শ্রেণীতে মোট ৯৮টি সিটে দরখাস্ত পড়েছে এক হাজারের বেশি। একই চিত্র অন্যান্য স্কুলেও। ভিকারুননেসা স্কুলে এবার কোন আসন খালি হয়নি।

রাজধানীর কয়েকটি স্কুলে ভর্তির জন্যে তেমন ভিড় নেই। কারণ সকলের লক্ষ্য নামী স্কুল অর্থাৎ ভালো রেজাল্ট করা স্কুলের প্রতি। রাজধানীর স্কুলগুলোতে ছাত্র ভর্তি সমস্যা তীব্রতর হয়ে দেখা দিলেও এ সমস্যা সমাধানের যথাযথ কোন উদ্যোগ নেয়া হচ্ছে না।